গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইসিটি শাখা

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর-সংস্থা সমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নজরূল ইসলাম<br>অতিরিক্ত সচিব (ক্রীড়া -১ অনুবিভাগ) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ১৬-০২-২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৫০২) হতে সরাসরি ও ভার্চুয়াল পদ্ধতিতে |
| উপস্থিতি | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি ভার্চুয়াল পদ্ধতিতে সংযুক্ত এবং সভাকক্ষে উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর-সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২৩ -এ অন্তর্ভুক্ত "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩" এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত আজকের এই সভা। সভাপতি আরোও জানান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে এটি ৩য় সভা।

২। সভাপতি 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর অন্তর্ভুক্ত সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থতি ছিলেন এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ সম্পর্কিত টিম লিডার জনাব মো: মোস্তফা কামাল মজুমদার। তিনি উল্লেখ করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা হলেও অনেক সময় কর্মপরিকল্পনায় উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে না পারার কারণে পূর্ণ নম্বর পাওয়া যায় না। এজন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন।

৩। সভাপতির অনুমতিক্রমে সভার সদস্য-সচিব মন্ত্রণালয়ের সহকরী প্রোগ্রমার মন্ত্রণালয়ের অধীন দপ্তর-সংস্থা সমূহের চলতি অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (জুলাই-ডিসেম্বর, ২০২২) পর্যন্ত "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩" এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। (সংযুক্তি: পতাকা-খ )

৪। অত:পর, বিস্তারিত আলোচনান্তে নিম্ন লিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| কর্মসম্পাদন সূচক | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|
| [১.১.১] সেবা সহজিকরণ /ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | দপ্তর-সংস্থা কর্তৃক গৃহীত/বাস্তবায়নাধীন ধারণার নামসহ বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী ত্রৈমাসিক প্রতিবেদনে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ | গত ১০-১০-২০২৩ তারিখে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তা সচল রাখার নিমিত্ত উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ | কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করে তা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। সকল সময় চালু রাখার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| [১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ | ই-ফাইলে নথি নিষ্পত্তির হার ৮৫% এর অধিক থাকতে হবে এবং পর্যায় ক্রমে নিষ্পত্তির হার শতভাগ অর্জন করতে হবে। |

| | |
|---|---|
| [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়ন | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটকে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। |
| [১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর-সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে কর্মশালা আয়োজন করতে হবে। |
| [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ (ত্রৈমাসিক ভিত্তিতে) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ মোতাবেক ওয়েবসাইটের মেইন মেনু, সাব মেনু, সেবা বক্সসমূহের তালিকা প্রস্তুতপূর্বক স্ক্রিনশট ও হালনাগাদকরণের বিষয়ভিত্তিক তারিখ উল্লেখসহ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। |
| [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | মন্ত্রণালয়সহ পর্যায়ক্রমে সকল দপ্তর-সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। |
| [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় | যে সকল দপ্তর-সংস্থায় ইনোভেশন কোডে অর্থ বরাদ্দ নেই তাদেরকে পরবর্তী অর্থবছরে কোড সংযোজনপূর্বক (প্রযোজ্যক্ষেত্রে) অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়সহ যে সকল দপ্তর-সংস্থার অর্থ বরাদ্দ রয়েছে তাদেরকে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থ ব্যয় করতে হবে। |
| [২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৩-০১-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| [২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন ৩১-০১-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন | সকল দপ্তর-সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করতে এর প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

৫। এছাড়াও জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক কৃতি খেলোয়াড়দের বিভিন্ন অর্জনের ডাটাবেজ তৈরির উদ্যোগ গ্রহণ এবং ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ক্রীড়া সামগ্রীসমূহ বিতরনের নিমিত্ত একটি ডাটাবেজ (সফটওয়্যার ভিত্তিক) উদ্ভাবনের বিষয়টি উদ্ভাবনী ধারণা হিসেবে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (ক্রীড়া-১) ও চিফ ইনোভেশন অফিসার সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ নজরুল ইসলাম
অতিরিক্ত সচিব (ক্রীড়া -১ অনুবিভাগ) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.০৫.০০১.২১.১৬

তারিখ: ৭ চৈত্র ১৪২৯
২১ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর

২) অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (চিফ ইনোভেশন অফিসার)

৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৪) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ

৫) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৭) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

৮) যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভিাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৯) পরিচালক , ক্রীড়া পরিদপ্তর

১০) যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১১) উপসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব , প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১৩) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৬) অফিসার কপি

Kibria

এ. এফ. এম. আতাউল কিবরিয়া

সহকারী প্রোগ্রামার